

কালের কণ্ঠ

তারিখ: 06 MAR 2015
সূত্র: ১০

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় প্রক্টর-ছাত্র উপদেষ্টার কার্যালয়ে তালা

বাকুবি প্রতিনিধি ▷

ময়মনসিংহে অবস্থিত বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবি) প্রক্টর ও ছাত্রবিষয়ক উপদেষ্টার কার্যালয়ের প্রধান ফটকে তালা দিয়েছে বাকুবি ছাত্রলীগ। সম্প্রতি নিয়োগে দুর্নীতির অভিযোগে এ তালা লাগানো হয়। গতকাল বুধবার বিকেলে এ ঘটনা ঘটে।

ছাত্রলীগের অভিযোগ, অর্থসহ নানা অনিয়ম-দুর্নীতির মাধ্যমে বিশ্ববিদ্যালয়ে জামায়াত-বিএনপির লোক নিয়োগ দেওয়া হয়েছে। এর প্রতিবাদে ছাত্রবিষয়ক উপদেষ্টার বিরুদ্ধে স্লোগান দিতে দিতে বিকেল ৩টার দিকে ছাত্রলীগের নেতা-কর্মীরা প্রক্টর ও ছাত্রবিষয়ক উপদেষ্টার কার্যালয়ের দিকে আসে। পরে তারা প্রধান ফটকে তালা বুলিয়ে দেয় এবং নানা স্লোগান দিতে থাকে। প্রত্যক্ষদর্শী সূত্রে এ তথ্য জানা যায়। গতকাল সন্ধ্যায় এ প্রতিবেদন লেখা পর্যন্ত ফটক তালাবদ্ধ অবস্থায় ছিল। এ বিষয়ে কথা বলতে বাকুবি ছাত্রলীগ সভাপতি মো. মুর্শেদুজ্জামান খান বাবুকে বারবার মুঠোফোনে চেষ্টা করেও পাওয়া যায়নি। প্রক্টর অধ্যাপক ড. মো. হারুন-অর-রশিদ সাংবাদিকদের বলেন, 'বিষয়টি আমি জানি না। পরবর্তী সময়ে ব্যবস্থা গ্রহণ করা হবে।'